



“বিদেশে অবস্থিত রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকসমূহ নিরীক্ষার চেকলিস্ট”



দূতাবাস অডিট অধিদপ্তর

“বিদেশে অবস্থিত রাষ্ট্রীয়ত্ব ব্যাংকসমূহ
নিরীক্ষার চেকলিস্ট”
২০১৭

সংকলনে

১। জনাব আবুল কালাম আজাদ
মহাপরিচালক
দূতাবাস অডিট অধিদপ্তর

২। জনাব সাদাকাত হোসেন চৌধুরী
উপ-পরিচালক
দূতাবাস অডিট অধিদপ্তর

দূতাবাস অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (১২ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
E-mail: missionauditdg@gmail.com;

“মুখবন্ধ”



সাংবিধানিক অডিটের অন্যতম প্রধান উদ্দেশ্য হলো আর্থিক প্রশাসনে জবাবদিহিতা ও স্বচ্ছতার মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করা। দূতাবাস অডিট অধিদপ্তর উক্ত উদ্দেশ্য অর্জনে কার্যকর প্রচেষ্টা অব্যাহত রেখেছে। দূতাবাস অডিট অধিদপ্তর বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন সমূহ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর বিদেশে অবস্থিত অফিস সমূহ এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন সরকারী বাণিজ্যিক ব্যাংক সমূহের বিদেশস্থ শাখা সমূহ অডিট করে থাকে।

২। অডিটের গুণগতমান উন্নয়নের লক্ষ্যে ইতোমধ্যে কম্পিউটার এন্ড অডিটর জেনারেল কার্যালয় কর্তৃক অডিট কোড, অডিট ম্যানুয়েলস, কোড অব এথিক্স, ইসাই গাইড লাইন্স, গভমেন্ট অডিটিং স্ট্যান্ডার্ডস প্রকাশিত হয়েছে- যা বর্তমানে বিভিন্ন অডিট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। উল্লেখ্য যে, অন্যান্য অডিট অধিদপ্তরের ন্যায় দূতাবাস অডিট অধিদপ্তর কর্তৃক গুণগতমান সম্পন্ন অডিট রিপোর্ট প্রণয়নের লক্ষ্যে Mission Audit Manual এবং Financial Instructions for the Guidance of Bangladesh Missions Abroad সহ সিএজি কার্যালয় কর্তৃক প্রকাশিত অডিট কোড, গভমেন্ট অডিটিং স্ট্যান্ডার্ডস, কোড অব এথিক্স, ইসাই গাইড লাইন্স সমূহ ব্যবহার করে আসছে।

৩। এতদসত্ত্বেও অডিট রিপোর্টকে আরো সহজবোধ্য ও সাবলীল ভাষায় উপস্থাপনের নিমিত্ত অডিটের এরিয়া ভিত্তিক চেকলিস্ট প্রণয়ন এখন সময়ের দাবী। সে প্রেক্ষিতে দূতাবাস অডিটের আওতাধীন সোনালী, জনতা এবং অগ্রণী ব্যাংক লিমিটেড এর বিদেশস্থ শাখা সমূহ অডিটের নিমিত্ত একটি চেকলিস্ট প্রণয়ন করা হলো।

৪। দূতাবাস অডিট অধিদপ্তরের নিরীক্ষা আওতাধীন বিদেশে অবস্থিত রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংক শাখাসমূহের প্রকৃতি ও কার্যপরিধির ভিন্নতার কারণে অডিট চেকলিস্ট প্রণয়নের সময়োপযোগী এ উদ্যোগ কার্যকর ও ইতিবাচক নিরীক্ষার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করবে বলে আমার বিশ্বাস। এ অডিট চেকলিস্ট ব্যবহারে হিসাব পরীক্ষা এবং সত্যতা, যথার্থতা ও বৈধতা নিরূপন সংক্রান্ত নিরীক্ষা কার্যক্রম সঠিক ও সুচারুভাবে পরিচালনা করে আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হবে বলে আমি মনে করি।

৫। প্রকাশিত এ চেকলিস্টের কোন ত্রুটি থাকলে ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার জন্য বিনীত অনুরোধ রইল এবং এতদবিষয়ে কোন পরামর্শ থাকলে তা লিখিত আকারে এ কার্যালয়কে অবহিত করা হলে পরবর্তী প্রকাশনায় তা অন্তর্ভুক্ত করা হবে।

(আবুল কালাম আজাদ)

মহাপরিচালক

দূতাবাস অডিট অধিদপ্তর, ঢাকা।

সূচীপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নম্বর
১.	ভূমিকা	৫
২.	নিরীক্ষাযোগ্য ইউনিট সমূহের তালিকা	৫
৩.	বিদেশে অবস্থিত বাংলাদেশের বাণিজ্যিক ব্যাংক সমূহের শাখার নামের তালিকা	৬
৪.	ব্যাংক Operation এ Technical বিষয়াদি	৭
৫.	Abbreviation & Glossary	৭-১০
৬.	বিদেশে অবস্থিত বাণিজ্যিক ব্যাংক শাখাসমূহ নিরীক্ষাকালীন চেকলিস্ট	১১
৭.	বৈদেশিক ও আপ্যায়ন ভাতা প্রাপ্যতা	১১
৮.	মালামাল পরিবহন খরচ	১১
৯.	শিক্ষা ভাতা, শিক্ষা পাথেয় এবং চিকিৎসা ব্যয়	১২
১০.	যোগদানকালীন দৈনিক ভাতা, ট্রানজিট ও টার্মিনাল চার্জ	১২
১১.	বাড়ী ভাড়া	১২
১২.	হোমলীভ	১২
১৩.	ঋণ ও অগ্রিম	১৩
১৪.	ঋণ পুনঃ তফশীলিকরণ	১৪
১৫.	সুদ মওকুফ, ঋণ অবলোপন, ব্যাংকের সম্পদ অবলোপন এবং কমিশন	১৪
১৬.	আয়কর	১৫
১৭.	অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা	১৫
১৮.	সাধারণ ব্যাংকিং	১৬-১৭
১৯.	প্রশাসন ও সংস্থাপন	১৮

দূতাবাস অডিট অধিদপ্তর

দূতাবাস অডিট অধিদপ্তরের কার্যক্রম ১৯৭৮ সনে শুরু হয় এবং ১০-০৮-১৯৭৮ খ্রিঃ তারিখে এ অধিদপ্তরে প্রথম মহাপরিচালক পদায়ন করা হয়। দূতাবাস অডিট অধিদপ্তর কর্তৃক পররাষ্ট্র মন্ত্রণালয় এবং তার অধীনস্থ অফিস সহ বিদেশে অবস্থিত মিশনসমূহ, বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের অধীন বিদেশে অবস্থিত বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর অফিস এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের অধীন বিদেশে অবস্থিত সরকারী বাণিজ্যিক ব্যাংক সমূহ এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও এর আওতাধীন অফিস সমূহ স্থানীয়ভাবে নিরীক্ষা করা এ অফিসের অন্যতম প্রধান দায়িত্ব। এছাড়া এ অধিদপ্তরের কার্যাবলী নিম্নরূপঃ-

- ১। বাজেট প্রণয়ন।
- ২। নিরীক্ষা দলের কর্মসূচী তৈরী করণ।
- ৩। নিরীক্ষা দলের সদস্যদের ভ্রমণ সংক্রান্ত বিষয়ে অর্থাৎ নোটভারবাল সংগ্রহ, ভিসা সংগ্রহ এবং টিকেট ক্রয় সহ যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা।
- ৪। নিরীক্ষা দলভুক্ত নতুন অডিটরগণকে নিরীক্ষা সংক্রান্ত কাজকর্মে ব্রিফিং প্রদান।
- ৫। দূতাবাসসমূহ, পররাষ্ট্র মন্ত্রণালয়, অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ এবং বিভিন্ন অধিদপ্তর ও সংস্থার সাথে তাদের নিরীক্ষা আপত্তি নিষ্পত্তিকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।
- ৬। জাতীয় সংসদের নিকট পেশ করার নিমিত্ত অডিট রিপোর্ট প্রণয়ন।
- ৭। জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির সভায় উপস্থিত থেকে অডিট রিপোর্টের বিষয় উপস্থাপন।

পররাষ্ট্র মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীন অফিসসমূহ

বাংলাদেশের মধ্যে নিরীক্ষাযোগ্য অফিস/ইউনিট সমূহ

- ১। পররাষ্ট্র মন্ত্রণালয় এবং এর অধীনস্থ অফিসঃ ০৩ টি
- ২। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং এর অধীনস্থ অফিসঃ ১১৭ টি

বিদেশে অবস্থিত নিরীক্ষাযোগ্য অফিস/ইউনিট সমূহ

- (ক) ১. পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনঃ ৭২ টি
 ২. ধর্ম মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিদেশে অবস্থিত বাংলাদেশ হজ্জমিশন অফিসঃ ০৩ টি
 - (খ) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিদেশে অবস্থিত বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর অফিসসমূহঃ ১৫ টি
 - (গ) অর্থ মন্ত্রণালয়, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নিয়ন্ত্রণাধীন বিদেশে অবস্থিত সরকারী বাণিজ্যিক ব্যাংক এর শাখা সমূহঃ ২৫ টি
- সর্বমোট নিরীক্ষাযোগ্য অফিসের সংখ্যা- ২৩৫ টি

বিদেশে অবস্থিত বাণিজ্যিক ব্যাংক সমূহের শাখার নামের তালিকা
মোট অফিসের সংখ্যাঃ ২৫টি ।

উত্তর আমেরিকা	
ক্রমিক নং	কার্যালয়ের নাম
১ ।	সোনালী এক্সচেঞ্জ, ম্যানহাটন, ব্রুকলিন, জ্যাকসন হাইটস্, এ্যাষ্টোরিয়া, নিউজার্সি, আটলান্টা ।
ইউরোপ	
২ ।	জনতা ব্যাংক, রোম, ইটালী ।
৩ ।	জনতা ব্যাংক, মিলান, ইটালী ।
৪ ।	সোনালী ব্যাংক, লন্ডন, লুটন, ব্রাডফোর্ড, ক্যামডেন, ম্যানচেস্টার, বার্মিংহাম ।
এশিয়া	
৫ ।	সোনালী ব্যাংক, জেদ্দা, সৌদি আরব ।
৬ ।	সোনালী ব্যাংক, রিয়াদ, সৌদি আরব ।
৭ ।	জনতা ব্যাংক, দুবাই, সংযুক্ত আরব আমিরাত ।
৮ ।	জনতা ব্যাংক, আবুধাবী, সংযুক্ত আরব আমিরাত ।
৯ ।	জনতা ব্যাংক, আল-আইন, সংযুক্ত আরব আমিরাত ।
১০ ।	জনতা ব্যাংক, শারজাহ, সংযুক্ত আরব আমিরাত ।
১১ ।	সোনালী ব্যাংক, কুয়েত ।
১২ ।	অগ্রণী ব্যাংক, সিংগাপুর ।
১৩ ।	অগ্রণী ব্যাংক, মালয়েশিয়া ।
১৪ ।	সোনালী ব্যাংক, কলকাতা, ভারত ।
১৫ ।	সোনালী ব্যাংক, শিলিগুড়ি, ভারত ।

ব্যাংক Operation এ Technical বিষয়াদি

- ব্যাংক অডিট অপারেশনে নিরীক্ষাযোগ্য রেকর্ড পত্রাদিঃ C.L (Classified Loan) Statement, Loan File, Loan Ledger/Loan Card/Computer Sheet, Stock Register, D.P (Drawing Power) Register, Stock Report L/C Register, Export Register ইত্যাদি ।
- **Project Loan**ঃ কোন প্রকল্প বাস্তবায়নের জন্য ব্যাংক কর্তৃক যে ঋণ মঞ্জুর করা হয় তাকে Project Loan বলা হয় ।
- **ক্যাশ ক্রেডিট প্লেজ (C.C. Pledge)** : ঋণ গ্রহীতা কর্তৃক দেনা পরিশোধের জন্য জামানত হিসাবে ব্যাংকের নিকট তার ব্যবসায়িক মালামাল গচ্ছিত রাখার ঋণকে Cash Credit Pledge বলা হয় ।
- **LTR (Loan on Trust Receipt)** : সাধারণতঃ প্লেজকৃত মালামাল ছাড় করানোর জন্য পার্টির নিকট ব্যাংককে প্রদেয় অর্থের সংস্থান না থাকলে পার্টির আবেদনের প্রেক্ষিতে কোন প্রকার জামানত ছাড়াই স্বল্প সময়ের জন্য এই ঋণ প্রদান করা হয় । এ প্রকার ঋণ প্রদানের ক্ষেত্রে ঋণ গ্রহিতার সন্তোষজনক অতীত লেনদেনের বিষয় সক্রিয়ভাবে বিবেচিত হয় এবং ছাড়কৃত মালামালের বিক্রয়লব্ধ অর্থ হতে এ ঋণ সমন্বয়ের শর্তে এ ঋণ মঞ্জুর করা হয় ।
- **PCC/PSC (Packing Cash Credit/Preshment Cash Credit** : প্লেজকৃত মালামালকে রপ্তানীযোগ্য পণ্যে রূপান্তরিত করার লক্ষ্যে উহার Processing, Packing, Shipment ইত্যাদি কার্য সম্পাদনের জন্য যে ঋণ প্রদান করা হয় তাকে PCC/PSC ঋণ বলে । উল্লেখ্য, এই প্রকৃতির ঋণে রপ্তানীকৃত পণ্য হতে প্রাপ্ত আয় সরাসরি এই ঋণে সমন্বয় সাধন করা হয় ।
- **PC (Packing Credit (হাইপো) Generally for Tenary & Shrimp)** রপ্তানীযোগ্য মালামাল রপ্তানীর উদ্দেশ্যে উহার প্যাকেজিং, Shipment ইত্যাদি কার্য সম্পাদনের নিমিত্ত এই ঋণ প্রদান করা হয় ।

Abbreviation & Glossary

(প্রযোজ্য ক্ষেত্রে)

১.	Acceptance	=	Commitment to pay against LC	এক ব্যাংকের শাখা অন্য ব্যাংকের শাখার উপর এলসি ইস্যু করলে উক্ত Acceptance দিতে হয় ।
২.	BL (বিএল)	=	Bad and Loss	যে সকল ঋণ চূড়ান্ত খেলাপী হয়েছে এবং মন্দ ও কুখণে পরিণত হয়েছে ।
৩.	BTB(বিটিবি) LC	=	Back To Back LC	রপ্তানির বিপরীতে আমদানীর যে ঋণপত্র খোলা হয় ।
৪	BRPD(বিআরপিডি)	=	Banking Regulation Policy Department	বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত অনুসূতব্য নীতিমালা ।
৫.	BMRE (বিএমআরই)	=	Balancing, Modernization, Rehabilitation and Expansion.	প্রকল্প আধুনিকীকরণের নিমিত্ত প্রদত্ত ঋণ সুবিধা ।

৬.	C.C (HYPO)	=	Cash Credit (Hypothecation)	ব্যবসার জন্য দেয় ঋণের বিপরীতে কমপক্ষে ১.৫ গুণ সম্পত্তি বন্ধকীকরণ দলিল।
৭.	CC (Pledge)	=	Cash Credit (Pledge)	ব্যাংকের নিয়ন্ত্রণে ও ঋণ গ্রহীতার নিজস্ব গুদামে রক্ষিত মালামালের বিপরীতে দেয় ঋণ সুবিধা।
৮.	CF	=	Cost of Fund	মূল ঋণ (আসল টাকা), মামলা খরচ এবং ব্যাংকের প্রাতিষ্ঠানিক খরচসহ মোট ব্যয় কভার করার নামই Cost of Fund। Cost of Fund কভার না করে সুদ মওকুফ করা যাবে না।
৯.	CIB(সিআইবি)	=	Credit Information Bureau	বাংলাদেশ ব্যাংকে রক্ষিত গ্রাহকের ক্রেডিট ইনফরমেশন।
১০.	CRG(সিআরজি)	=	Credit Risk Grading	ঋণ প্রাপ্তির ক্ষেত্রে ন্যূনতম সিআরজি ৭৫% থাকতে হবে।
১১.	DA (ডিএ)	=	Document Against Acceptance	এক ব্যাংক শাখা অন্য ব্যাংক শাখার উপর স্থানীয় এলসি ইস্যু করলে উক্ত Acceptance ব্যাখ্যা দিতে হয়।
১২.	DEFERED LC (ডেফার্ড এলসি)	=	-	বিশেষ ধরনের ঋণপত্র। যে ঋণপত্রে ক্রেতা বিক্রোতার মধ্যে সম্পাদিত চুক্তিতে কতদিন পর মূল্য পরিশোধ করা হবে তার উল্লেখ থাকে।
১৩.	DFC	=	Deposit of Foreign Currency	গ্রাহক এবং ব্যাংকের যৌথ সম্মতিতে বৈদেশিক লেনদেন পরিশোধকল্পে গ্রাহকের অনুকূলে বৈদেশিক মুদ্রা গচ্ছিত রাখাকে বুঝায়।
১৪.	EEF(ইইএফ)	=	Equity and Entrepreneurship Fund	উদ্যোক্তা তৈরীতে সমমূলধনী সহায়তা তহবিল। কৃষি ও তথ্যপ্রযুক্তি খাতের উন্নয়নের জন্য এটি দেয়া হয়।
১৫.	ETP(ইটিপি)	=	Effluent Treatment Plant	পরিবেশ দূষণ থেকে রক্ষা পাওয়ার জন্য ETP স্থাপন করতে হয়।
১৭.	ECC (ইসিসি)	=	Export Cash Credit	গার্মেন্টস ফ্যাক্টরী, হিমায়িত খাদ্য,চামড়া ইত্যাদি রপ্তানির ক্ষেত্রে রপ্তানি পূর্ব ঋণ সুবিধা।
১৮.	FBPN(এফবিপিএন)	=	Foreign Bill Purchase Negotiation	রপ্তানি কার্যক্রম সম্পন্ন হলে ও বিল অব লেডিং প্রাপ্তি সাপেক্ষে স্থানীয় ব্যাংক রপ্তানিকারকের বিল ক্রয় করে।
১৬.	FBP(এফবিপি)	=	Foreign Bill Purchase	রপ্তানি মূল্য প্রত্যাভাসিত না হলে স্থানীয় ব্যাংক বিদেশী ব্যাংকের সাথে যোগাযোগ করে দায় সমন্বয়ের চেষ্টা করা হয়।
১৯.	FC Account (এফসি একাউন্ট)	=	Foreign Currency Account	বৈদেশিক মুদ্রা আগমনের ক্ষেত্রে FC Account খুলতে হয়।
২০.	FDBP(এফডিবিপি)	=	Foreign Document Bill Purchase	রপ্তানী কার্যক্রম সম্পাদনের পর ব্যাংক কর্তৃক ডকুমেন্টের ভিত্তিতে যে বিল ক্রয় করা হয়।
২১.	FTD (এফটিডি)	=	Foreign Trade Department	ব্যাংকের যে শাখায় আমদানী-রপ্তানী কার্যক্রম সম্পাদিত হয়।
২২.	FL/DL (ফোর্সড লোন/ডিমান্ড লোন)	=	Forced Loan /Demand Loan	রপ্তানী ব্যর্থতাজনিত কারণে আমদানীকৃত মালামালের মূল্য ডিমান্ড লোন বা ফোর্সড লোন সৃষ্টি করে রপ্তানীকারককে পরিশোধ করা হয়।
২৩.	FL	=	Funded liability	এলসি দায় ব্যতীত সকল দায় ফান্ডেড দায়।
২৪.	IDCP(আইডিসিপি)	=	Interest During Construction Period	প্রকল্প ঋণ বিতরণ এবং আদায়ের মধ্যবর্তী সময়কালের সুদ।

২৫.	IFDBC(আইএফডিবিসি)	=	Inward Foreign Documentary Bill For Collection	পণ্য আমদানী করার জন্য স্থাপিত এলসির ডকুমেন্টের যে দায় পরিশোধের অপেক্ষায় রয়েছে।
২৬.	IIDFC(আইআইডিএফসি)	=	Industrial and Infrastructure Development Finance Company	একটি লিজিং কোম্পানী।
২৭.	ILC(আইএলসি)	=	Inland Letter of Credit	অভ্যন্তরীণ বাণিজ্যের জন্য ঋণপত্র খোলা।
২৮.	LDBP (এলডিবিপি)	=	Local Document Bill Purchase	স্বীকৃত স্থানীয় ঋণ পত্রের বিপরীতে রপ্তানিকারকের রপ্তানি মূল্যের উপর বিল ক্রয় বাবদ ঋণ।
২৯.	LTR(এলটিআর)	=	Loan Against Trust Receipts	ব্যাংকের বিশ্বস্থ গ্রাহককে আমদানিকৃত পণ্যের বিপরীতে প্রদত্ত ঋণ। ঋণের বিপরীতে যাদের মূল্যবান জামানত বন্ধক আছে তাদেরকে এ সুবিধা প্রদান করা হয়ে থাকে।
৩০.	LIM (লিম)	=	Loan Against Imported Merchandise	আমদানিকৃত পণ্যের বিপরীতে ব্যাংকের নিয়ন্ত্রনাধীন গুদামে রক্ষিত মালামালের অনুকূলে প্রদত্ত ঋণ।
৩১.	LC (এলসি)	=	Letter of Credit	বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে প্রযোজ্য। এটি একটি Non-funded financing ইস্যুকারী ব্যাংকের অর্থ পরিশোধের অঙ্গীকারনামা।
৩২.	Non-funded liability	=	-	ব্যাংক কর্তৃক অপরিশোধিত অঙ্গীকারকৃত সকল দায়।
৩৩.	NOSTRO	=	A nostro Account is our Account in a different Country	Nostro ল্যাটিন শব্দ, যার অর্থ “আপনার সাথে আমাদের” হিসাব। আন্তর্জাতিক বাণিজ্যে লেনদেন করার জন্য প্রত্যেক বাণিজ্যিক ব্যাংককে পৃথিবীর বিভিন্ন দেশে বিভিন্ন মুদ্রায় অন্য ব্যাংকের সাথে এ হিসাব পরিচালনা করতে হয়। ব্যাংকসমূহ সাধারণত যে সব মুদ্রায় আন্তর্জাতিক লেনদেন বা ঋণপত্র খুলে থাকে, সে সব মুদ্রা যে দেশের সে দেশেই এই হিসাবসমূহ খুলতে হয়।
৩৪.	NI Act 1881 (এন,আই, এ্যাক্ট ১৮৮১)	=	Negotiable Instrument Act-1881	ঋণ গ্রহীতার নিকট হতে অগ্রিম গৃহীত চেক সময়মত ফান্ডের অভাবে প্রত্যাখ্যাত (Dishonoured) হলে উক্ত আইনে মামলা করা যায়।
৩৫.	PAD(পিএডি)	=	Payment Against Document	আমদানি পণ্যের ডকুমেন্টের বিপরীতে সৃষ্ট দায়। ঋণপত্র যেহেতু ইস্যুকারী ব্যাংকের অর্থ পরিশোধের অঙ্গীকার, তাই ব্যাংক এই PAD খাত Debit করে বিদেশী ব্যাংকের বিল মূল্য পরিশোধ করে।
৩৬.	PC (পিসি)	=	Packing Credit	পোশাক রপ্তানিখাতে প্রাক জাহাজীকরণ অর্থায়নে যে ঋণ দেয়া হয়ে থাকে তা হলো (Packing Credit) প্যাকিং ক্রেডিট।
৩৭.	PCC (পিসিসি)	=	Packing Cash Credit	ট্যানারী/চামড়া রপ্তানী পূর্ব ঋণ সুবিধা। রপ্তানীযোগ্য পণ্য ব্যাংকের নিকট বন্ধকের বিপরীতে গ্রাহককে ব্যাংক কর্তৃক এ ধরনের সুবিধা প্রদান করা হয়।
৩৮.	PSC(পিএসসি)	=	Pre-Shipment Cash Credit	গার্মেন্টস ফ্যাক্টরীর ক্ষেত্রে রপ্তানী পূর্ব ঋণ সুবিধা। রপ্তানী ঋণপত্র বা চুক্তিপত্রের ৯০% পর্যন্ত এ ঋণ সুবিধা প্রদান করা যায়।
৩৯.	STL(এসটিএল)	=	Short Term Loan	স্বল্প মেয়াদী মঞ্জুরীকৃত ঋণ। যে ঋণের মেয়াদ সাধারণত ৩ মাস থেকে ৬ মাস তবে অনেক ক্ষেত্রে সর্বোচ্চ এক বছর মেয়াদেও হয়।

8০.	SOD(এসওডি)	=	Secured Over Draft	আমানতের বিপরীতে মঞ্জুরীকৃত ঋণ।
8১.	অর্থ ঋণ আদালত আইন ২০০৩ এর ৪৬ ধারা	=	-	কোন ঋণ হিসাব মন্দ/কু-ঋণে শ্রেণীকৃত হলে উক্ত আইনের ধারা বলে ঋণ গ্রহীতার বিরুদ্ধে মামলা করা হয়।
8২.	পুনঃ তফসিল	=	-	কোন ঋণ হিসাব শ্রেণীকৃত হলে ঋণ গ্রহীতার অনুরোধে ঋণ পরিশোধের মেয়াদ বৃদ্ধি করে ঋণ গ্রহীতাকে ঋণ পরিশোধের সুবিধা প্রদান করার জন্য ঋণ হিসাব পুনঃ তফসিলিকরণ করা হয়। এক্ষেত্রে ডাউন পেমেন্ট নেয়া বাধ্যতামূলক।
8৩.	ডাউন পেমেন্ট	=	-	পুনঃ তফসিলিকরণের ক্ষেত্রে ঋণ গ্রহীতার নিকট হতে মোট ঋণাংকের নির্ধারিত হারে ডাউন পেমেন্ট নেয়া হয়।
8৪.	আরোপিত সুদ	=	-	নিয়মিত সময়কালে ঋণ স্থিতির উপর ধার্যকৃত সুদ।
8৫.	অনারোপিত সুদ	=	-	ঋণ হিসাব মন্দ/ কু-ঋণে শ্রেণীকৃত হলে লেজার স্থিতির উপর সুদ চার্জ না করে পৃথকভাবে যে সুদ হিসাব করা হয়।
8৬.	ব্লক ঋণ সুবিধা হিসাব	=	-	ঋণ গ্রহীতার একাধিক ঋণ হিসাব থাকলে কোন একটি বা ততোধিক হিসাবে সুদ চার্জ না করে ব্লকে রাখা হয়। সাধারণত প্রকল্প ঋণের ক্ষেত্রে প্রকল্পটি যাতে বন্ধ না হয়, সে লক্ষ্যে ব্যাংক কর্তৃক ঋণ গ্রহীতাকে আলোচ্য সুবিধা দেয়া হয়।
8৭	UCPDC	=	Uniform Customs and Practices for Documentary Credit	আমদানী-রপ্তানী ব্যবসার আন্তর্জাতিক বিধিবদ্ধ নীতিমালা। ১৯৩৩ সালে আইসিসি সর্বপ্রথম এটির প্রচলন করে। এটি কোন আইন নয়, এটি সমন্বিত প্রথা ও রীতি। কিন্তু আইন স্বীকৃতি দিয়েছে বিধায় সদস্যভুক্ত দেশগুলো উহা পরিপালনের প্রতিশ্রুতি দেয়। তবে কোন দেশের আইনের সাথে UCP সাংঘর্ষিক হলে দেশের আইনই সেখানে কার্যকর হবে।
8৮.	Xpb (Head of Accounts)	=	-	এক ধরনের একাউন্ট নাম্বার।

বিদেশে অবস্থিত বাণিজ্যিক ব্যাংক শাখাসমূহ নিরীক্ষাকালীন চেকলিস্ট

বৈদেশিক ও আপ্যায়ন ভাতা প্রাপ্যতা

অডিট এরিয়া	নিরীক্ষা প্রমাণক		কি কি বিষয় নিরীক্ষা করতে হবে
	মিশনের পদবী	ব্যাংকের সমপর্যায়ের কর্মকর্তা	
১	২	৩	৪
বৈদেশিক ভাতা ও আপ্যায়ন ভাতা	১। ইকনোমিক মিনিষ্টার ও কাউন্সিলরের ভাতাদির মাঝামাঝি;	১। মহাব্যবস্থাপক	<ul style="list-style-type: none"> ব্যাংকের সংশ্লিষ্ট পদবীধারী কর্মচারীগণ তাদের পদবীর বিপরীতে মিশনে কর্মরত কর্মচারীদের হারে বৈদেশিক ভাতা ও আপ্যায়ন ভাতা গ্রহণ করেছে কিনা; অর্থ বিভাগের আদেশ নং-অম/অবি/ব্যাংকিং/শা-৩/এলা-২/৯৬/৮৯ তারিখঃ ০৮-০৬-২০০৩ খ্রিঃ মোতাবেক প্রাপ্য বৈদেশিক ভাতা এবং আপ্যায়ন ভাতা গ্রহণ করেছে কিনা; আপ্যায়ন ভাতা শুধুমাত্র প্রধান নির্বাহী এবং শাখা ব্যবস্থাপকগণ প্রাপ্য হবেন [জনতা ব্যাংকের ১৮-০৬-২০১৪ খ্রিঃ তারিখের সূত্র-বোর্ড/লেটার/১২৪৯/২০১৪ মোতাবেক]। আপ্যায়ন ভাতার ক্ষেত্রে প্রচলিত নিয়ম অনুযায়ী ব্যয় করা হয়েছে কিনা এবং অতিথিদের তালিকা প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে কিনা যাচাই করতে হবে।
	২। কাউন্সিলর ও প্রথম সচিবের ভাতাদির মাঝামাঝি;	২। উপ মহাব্যবস্থাপক	
	৩। প্রথম সচিবের সমপর্যায়;	৩। সহকারী মহাব্যবস্থাপক	
	৪। প্রথম সচিব এবং দ্বিতীয় সচিবের ভাতাদির মাঝামাঝি;	৪। সিনিয়র প্রিন্সিপাল অফিসার	
	৫। দ্বিতীয় এবং তৃতীয় সচিবের মাঝামাঝি;	৫। প্রিন্সিপাল অফিসার	
	৬। তৃতীয় সচিব এবং এ্যাটাসীসী ভাতাদির মাঝামাঝি;	৬। সিনিয়র অফিসার	
	৭। এ্যাটাসীসী ভাতাদির সমপর্যায়;	৭। অফিসার	
	৮। এ্যাটাসীসী এবং তৃতীয় শ্রেণীর কর্মচারীদের মাঝামাঝি;	৮। সাব-একাউন্টেন্ট/ সুপারভাইজার	
	৯। তৃতীয় শ্রেণী ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের মাঝামাঝি;	৯। অন্যান্য কর্মচারী	

মালামাল পরিবহন খরচ

দেশের কর্মস্থল হতে বিদেশের কর্মস্থল (মার্কিন ডলার)

বিদেশের কর্মস্থল হতে দেশের কর্মস্থল (মার্কিন ডলার)

দেশের নাম	১ম শ্রেণী	২য় শ্রেণী	৩য় শ্রেণী	৪র্থ শ্রেণী (পরিবার ব্যতীত)	১ম শ্রেণী	২য় শ্রেণী	৩য় শ্রেণী	৪র্থ শ্রেণী (পরিবার ব্যতীত)
বাহরাইন	৩,৩০০	২,০০০	১,৫০০	১,১০০	৩,৯০০	২,৩০০	১,৭০০	১,৩০০
ইটালী	৩,৯০০	২,৩০০	১,৮০০	১,৪০০	৫,৫০০	৩,৩০০	২,৫০০	১,৯০০
মালয়েশিয়া	৩,৩০০	২,০০০	১,৫০০	১,১০০	৪,১০০	২,৫০০	১,৮০০	১,৪০০
সৌদি আরব	৩,৩০০	২,০০০	১,৫০০	১,২০০	৪,৫০০	২,৭০০	২,০০০	১,৬০০
ইউ. এ. ই	৩,৩০০	২,০০০	১,৫০০	১,১০০	৪,২০০	২,৫০০	১,৯০০	১,৫০০
যুক্তরাষ্ট্র (ইউ.এস.এ)	৪,৯০০	২,৯০০	২,২০০	১,৭০০	৮,৩০০	৫,০০০	৩,৭০০	২,৯০০
যুক্তরাজ্য (ইংল্যান্ড)	৪,২০০	২,৫০০	১,৯০০	১,৫০০	৬,২০০	৩,৭০০	২,৭০০	২,২০০
দক্ষিণ আফ্রিকা	৪,২০০	২,৫০০	১,৯০০	১,৫০০	৫,৭০০	৩,৪০০	২,৬০০	২,০০০
সিঙ্গাপুর	২,৬০০	১,৬০০	১,২০০	৯০০	৩,২০০	১,৯০০	১,৪০০	১,১০০
কুয়েত	২,৯০০	১,৮০০	১,৩০০	১,০০০	২,৬০০	১,৬০০	১,২০০	৯০০

[উক্ত মালামাল পরিবহন খরচ জনতা ব্যাংক লিমিটেড এর বিদেশস্থ শাখাসমূহে কর্মরত কর্মচারীদের জন্য প্রযোজ্য]

- বিঃদ্রঃ অর্থ মন্ত্রণালয়ের ০৫-০৩-২০০৮ খ্রিঃ তারিখের স্মারক নং-অম/অবি/ব্যাংকিং/শা-৩/এলা-৫/২০০২/৬৮ মোতাবেক রাষ্ট্রায়ত্ত্ব ৩টি বাণিজ্যিক ব্যাংক (Sonali, Janata & Agrani) লিমিটেড কোম্পানীতে রূপান্তরিত হওয়ার প্রেক্ষিতে ব্যাংক ৩টি তাদের স্ব-স্ব সংঘবিধি ও সংঘ স্মারকের (Article of Association & Memorandum of Association) আওতায় পরিচালিত ও নিয়ন্ত্রিত হবে। সরকারের কোন মন্ত্রণালয়/বিভাগের জন্য প্রণীত সার্কুলার/প্রজ্ঞাপন উক্ত ৩টি ব্যাংকের ক্ষেত্রে প্রযোজ্য হওয়ার অবকাশ নেই। কাজেই পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মচারীদের ন্যায় ব্যক্তিগত মালামাল পরিবহন খরচ বাবদ ৮০% থোক বরাদ্দ ব্যাংকের কর্মচারীগণ প্রাপ্য নয়।

- জনতা ব্যাংক লিমিটেড এর কর্মচারী ভ্রমণ ভাতা (বহিঃ বাংলাদেশ) নীতিমালা ২০১৩ অনুযায়ী বিদেশস্থ শাখা সমূহে বদলীকৃত কর্মচারীগণ প্রমাণক দাখিল সাপেক্ষে উপর্যুক্ত হারে ব্যক্তিগত ব্যবহার্য সরঞ্জামাদি (Personal Effects) পরিবহনের জন্য ভাড়া প্রাপ্য হবেন।

শিক্ষা ভাতা, শিক্ষা পাথেয় এবং চিকিৎসা ব্যয়

- বিদেশস্থ সরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহে কর্মরত কর্মচারীগণ দূতাবাসে নিয়োজিত কর্মচারীগণের ন্যায় শিক্ষা ভাতা, শিক্ষা পাথেয় এবং চিকিৎসা ব্যয় সংক্রান্ত সুবিধাধি প্রাপ্য হবেন।
- তবে মাসিক হারে হেলথ ইন্স্যুরেন্স প্রিমিয়াম পরিশোধের পর চিকিৎসা ব্যয় প্রাপ্য নয়।

যোগদানকালীন দৈনিক ভাতা, ট্রানজিট ও টার্মিনাল চার্জ

- বিদেশ অবস্থিত সরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহে কর্মরত কর্মচারীগণ স্ব-স্ব ব্যাংকের পরিপত্র/বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী যোগদানকালীন দৈনিক ভাতা, দৈনিক হোটেল ভাড়া, নগদ ভাতা, ট্রানজিট ও টার্মিনাল চার্জ প্রাপ্য হবেন।
[অগ্রণী ব্যাংক লিমিটেড এর ১৪-০২-২০১৩ খ্রিঃ তারিখের পরিপত্র নং-এইচ আর পি ডি ও ডি/১৯ অনুযায়ী এবং জনতা ব্যাংক লিমিটেড এর কর্মচারী ভ্রমণ ভাতা (বহিঃ বাংলাদেশ) নীতিমালা ২০১৩ এর নির্দেশ বিজ্ঞপ্তি নং-৪৪২/১৩ অনুযায়ী এবং সোনালী ব্যাংক লিমিটেড এর প্রধান কার্যালয়ের পরিপত্র নং-৭০৯ তারিখঃ ২০-১০-২০১৫ খ্রিঃ অনুযায়ী]
- জনতা ব্যাংক লিমিটেড এর কর্মচারী ভ্রমণ ভাতা (বহিঃ বাংলাদেশ) নীতিমালা ২০১৩ অনুযায়ী বিদেশে কর্মরত কর্মচারীগণ স্বেচ্ছায় দেশে বদলী হলে কোন প্রকার টিএ/ডিএ বিল প্রাপ্য হবেন না।

বাড়ী ভাড়া

- বাড়ী ভাড়া বোর্ড সভা কর্তৃক অনুমোদিত সিলিং অনুসারে প্রাপ্য।
- বাসভবনের ক্ষতিপূরণ, ইউটিলিটি চার্জ, গার্বেজ চার্জ সংশ্লিষ্ট কর্মচারী বহন করবেন।

হোমলীভ

- বিদেশস্থ সরকারী বাণিজ্যিক ব্যাংকসমূহে কর্মরত কর্মচারীগণ হোমলীভের সুবিধাদি প্রাপ্য নয়। তবে যদি কেহ হোমলীভ ভোগ করে তাহলে এর যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট কর্মচারী বহন করবেন।

ঋণ ও অগ্রিম

অডিট এরিয়া	নিরীক্ষা প্রমাণক	কি কি বিষয় নিরীক্ষা করতে হবে
১	২	৩
ঋণ ও অগ্রিম	১. ঋণমঞ্জুরী নীতিমালা ২. মঞ্জুরী পত্র ৩. ঋণের নথি ৪. জামানত নথি ৫. হিসাব বিবরণী ৬. ডকুমেন্টেশন ৭. সার্ভে রিপোর্ট ৮. বিদ্যমান বিধি বিধান ৯. বীমা পলিসির কপি ১০. বোর্ড সভার কার্য বিবরণী ১১. ব্যাংক কোম্পানী আইন-১৯৯১	<ul style="list-style-type: none"> ● সংশ্লিষ্ট ব্যাংক/ বাংলাদেশ ব্যাংকের ঋণ মঞ্জুরী নীতিমালা অনুসরণ করা হয়েছে কিনা; ● ঋণ প্রস্তাব যথাযথভাবে নিরীক্ষা পূর্বক ঋণ মঞ্জুরী ক্ষমতা বিধি অনুযায়ী ঋণ মঞ্জুর করা হচ্ছে কিনা-তা ভালভাবে যাচাই করতে হবে। ● পরিশোধিত ঋণের পরিমাণ; ● সুদের পরিমাণ; ● ঋণ প্রদানের তারিখ; ● অনাদায়ী অর্থের পরিমাণ; ● মেয়াদ উত্তীর্ণের তারিখ; ● ঋণ মঞ্জুরকারী, প্রদানকারীর নাম ও পদবী; ● মঞ্জুরী পত্রের শর্তাবলী অনুসরণ করা হয়েছে কিনা; ● ঋণের অর্থ যে সকল খাতে বিনিয়োগের শর্ত ছিল তা হয়েছে কিনা; ● ঋণ বিতরণের পূর্বে প্রয়োজনীয় বন্ধকী কার্য সম্পাদন করা হয়েছে কিনা; ● ঋণের টাকা ভিন্ন খাতে ব্যয় হয়েছে কিনা; ● প্রকল্প মূল্য কভার করে বীমা করা হয়েছে কিনা; ● গ্রাহক ঋণ খেলাপী কিনা তা নিশ্চিত হয়েছে কিনা; ● গ্রাহকের শাখায় চলতি হিসাব আছে কিনা; ● সিডিউল অনুযায়ী ঋণ আদায় হচ্ছে কিনা; ● বাজেট বরাদ্দের মধ্যে ঋণ সীমাবদ্ধ আছে কিনা;
স্টক রিপোর্ট	১. ঋণ অনুমোদন পত্রের শর্তানুযায়ী স্টক রিপোর্ট নেওয়া বাধ্যতামূলক	<ul style="list-style-type: none"> ● Cash Credit (Hypo) ঋণ সমূহের স্টক রিপোর্ট ঋণ অনুমোদন পত্রের শর্তানুযায়ী প্রতি ১৫ দিন অন্তর ঋণ গ্রহীতার নিকট হতে নেয়া হয় কিনা তা যাচাই করে দেখতে হবে। উল্লেখ্য যে, Cash Credit (Hypo) ঋণের ক্ষেত্রে মূল জামানতই হলো Hypothecation against stock of goods. কারণ এর ফলে ঋণ গ্রহীতা, ঋণ পরিশোধে ব্যর্থ হলে ব্যাংক উক্ত মালামাল আইনি প্রক্রিয়ার মাধ্যমে ব্যাংকের দখলে নিতে পারে। ● ঋণের সীমা অতিক্রম করা সত্ত্বেও ঋণসমূহ যথাসময়ে ঋণ সীমা (Credit Limit) এর মধ্যে আনা হচ্ছে কিনা তা যাচাই করতে হবে।
খেলাপী ঋণ	১. খেলাপী ঋণ আদায়ে নীতিমালা ২. এতদসংক্রান্ত বিষয়ে সময়ে সময়ে জারীকৃত বাংলাদেশ ব্যাংকের সার্কুলার	<ul style="list-style-type: none"> ● খেলাপী ঋণের পরিমাণ এবং খেলাপী ঋণ গ্রহীতার তালিকা যাচাই করতে হবে। ● কতদিন যাবৎ খেলাপী ঋণ আদায় হচ্ছে না। ● খেলাপী ঋণ গ্রহীতাদের বিরুদ্ধে গৃহীত ব্যবস্থা।

ঋণ পুনঃ তফশীলকরণ

অডিট এরিয়া	নিরীক্ষা প্রমাণক	কি কি বিষয় নিরীক্ষা করতে হবে
১	২	৩
ঋণ পুনঃতফশীল	১. বাংলাদেশ ব্যাংকের ঋণ পুনঃতফশীল নীতিমালা ২. যোগাযোগ নথি ৩. সার্কুলার নথি কেইস টু কেইস	<ul style="list-style-type: none"> • ঋণ হিসাবটি শ্রেণীকৃত হওয়ার কারণ কি; • ঋণের টাকা ভিন্ন খাতে স্থানান্তর করা হলে পুনঃ তফশীল করা যাবে না; • প্রয়োজনীয় ডাউন পেমেন্ট নেয়া হয়েছে কিনা; • পুনঃতফশীলযোগ্য ঋণের পরিমাণ সঠিকভাবে নির্ণয় করা হয়েছে কিনা; • সর্বশেষ বাংলাদেশ ব্যাংকের আদেশ অনুযায়ী ৩ বারের বেশী একটি ঋণ পুনঃতফশীল করা যাবেনা; • শ্রেণীকৃত হওয়ার পূর্বে পুনঃতফশীল করা হয়েছে কিনা ।

সুদ মওকুফ, ঋণ অবলোপন, ব্যাংকের সম্পদ অবলোপন এবং কমিশন

সুদ মওকুফ	১. বাংলাদেশ ব্যাংকের সুদ মওকুফ নীতিমালা ২. যোগাযোগ নথি ৩. অর্থ মন্ত্রণালয়ের আদেশ ৪. সার্কুলার নথি কেইস টু কেইস	<ul style="list-style-type: none"> • সুদ মওকুফ নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কিনা; • Cost of Fund Recovery এর বিষয়ে শর্ত শিথিলের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের ১২.০২.২০০৮ তারিখের আদেশ অনুসরণ করা হয়েছে কিনা; • প্রয়োজনীয় ডাউন পেমেন্ট নেয়া হয়েছে কিনা; • যে সকল শর্ত সাপেক্ষে সুদ মওকুফ করা হয়েছে তা পরিপালন করা হয়েছে কিনা; • সহজামানতের মূল্য হ্রাস করা হয়ে থাকলে তার গ্রহণযোগ্য যুক্তি আছে কিনা; • শাখার আয় খাত বা প্রধান কার্যালয়ের প্রতিশন হিসাব ডেবিট করে সুদ মওকুফ করা হয়েছে কিনা ।
ঋণ অবলোপন	১. বাংলাদেশ ব্যাংকের ঋণ অবলোপন নীতিমালা ২. যোগাযোগ নথি ৩. অবলোপন রেজিস্টার ৪. বোর্ড সভার কার্যবিবরণী	<ul style="list-style-type: none"> • ঋণ অবলোপন নীতিমালা অনুসরণ করা হয়েছে কিনা; • অবলোপনকৃত ঋণ আদায়ের জন্য শাখা/প্রধান কার্যালয় কর্তৃক অনুসরণ করা হয়েছে কিনা; • বাংলাদেশ ব্যাংকের ২৯/১২/২০০৪ ইং তারিখের ডিওএস (ডিপার্টমেন্ট অফ সাইট সুপারভিশন) সার্কুলার নং- ০১ অনুযায়ী কেস টু কেস ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে আদালতে মামলা দায়েরের পূর্বেও ঋণ অবলোপন করা যাবে ।
ব্যাংকের সম্পদ অবলোপন	১. বাংলাদেশ ব্যাংকের সম্পদ অবলোপন নীতিমালা ২. অবলোপন রেজিস্টার ৩. বোর্ড সভার কার্যবিবরণী	<ul style="list-style-type: none"> • কি কারণে সম্পদ অবলোপন করা হয়েছে তা দেখতে হবে; • যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে কিনা; • অবলোপিত মালামাল বিক্রি করা হয়েছে কিনা; • এ বাবদ প্রাপ্ত আয় সংশ্লিষ্ট খাতে জমা করা হয়েছে কিনা ।

অডিট এরিয়া	নিরীক্ষা প্রমাণক	কি কি বিষয় নিরীক্ষা করতে হবে
১	২	৩
কমিশন/ চার্জ	ব্যাংকে কর্তৃক অনুমোদিত সিডিউল	<ul style="list-style-type: none"> ● ব্যাংক কর্তৃক অনুমোদিত স্ট্যান্ডার্ড হার অনুযায়ী কমিশন আদায় করা হয়েছে কিনা; ● সকল ক্ষেত্রে কমিশন নগদে আদায় করা হয়েছে কিনা। ● স্ট্যান্ডার্ড হারের চাইতে কম হারে কমিশন আদায় করা হলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে কিনা। ● বিগত বৎসর গুলোতে কমিশন বাবদ আয়ের হ্রাস/বৃদ্ধির চিত্র দেখা যেতে পারে এবং হ্রাস/বৃদ্ধির কারণ ব্যাখ্যা করা প্রয়োজন।

আয়কর

অডিট এরিয়া	নিরীক্ষা প্রমাণক	কি কি বিষয় নিরীক্ষা করতে হবে
১	২	৩
আয়কর	১. আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৫৩ ২. আয়কর কর্তন রেজিস্টার	<ul style="list-style-type: none"> ● ব্যাংকে কর্মরত কর্মচারীগণ নিজের মূলবেতন, উৎসব ভাতা এবং বোনাসের উপর কর প্রদান করেছেন কিনা; ● বৈদেশিক ও আপ্যায়ন ভাতার উপর কর্মচারীগণকে কর প্রদান করতে হয় না।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা	১. ব্যাংক কর্তৃক জারীকৃত আদেশসমূহ ২. অর্গানোগ্রাম ৩. মন্ত্রণালয়/ বোর্ড এর সিদ্ধান্ত ৪. প্রশাসনিক ক্ষমতা ৫. দক্ষতা ও শৃঙ্খলা নথি ৬. জব ডিসক্রিপশন ৭. তদন্ত প্রতিবেদন ৮. সম্পদ ব্যবস্থাপনা ৯. মনিটরিং ১০. ইন্সপেকশন ১১. রিকনসিলিয়েশন প্রতিবেদন	<ul style="list-style-type: none"> ● সময় সময়ে জারীকৃত বোর্ড/ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত পরিপালন করা হচ্ছে কিনা; ● অর্গানোগ্রাম অনুযায়ী লোকবল আছে কিনা; ● বিল পাসিং পদ্ধতি কিরূপ, সেখানে শক্তিশালি নিয়ন্ত্রণ ও মনিটরিং ব্যবস্থা রয়েছে কিনা; ● বিল পাশে যতজন নিযুক্ত আছেন, সবার স্বাক্ষর আছে কিনা, কারো স্বাক্ষর না থাকলে বিল পাশ প্রক্রিয়া যথাযথ কিনা; ● ক্রয় নথিতে কেউ ভিন্নরূপ মতামত দিলে তা আমলে নেওয়া হয়েছে কিনা, যৌক্তিক কারণ ছাড়া কারণ ভিন্ন মতামতকে অগ্রাহ্য করা হয়েছে কিনা; ● অনিয়মের ক্ষেত্রে কার্যকর তদন্তের ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা; ● অনিয়মের ক্ষেত্রে দোষী সাব্যস্ত ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা; ● আর্থিক অনিয়মের ক্ষেত্রে অর্থ আদায় করা হয়েছে কিনা; ● জব ডিসক্রিপশন অনুযায়ী দায়িত্বভার অর্পণ করা হয়েছে কিনা। গুরুত্বপূর্ণ দায়িত্বে শাখার বাইরের কাউকে দিয়ে কাজ করানো হয় কিনা; ● মিডিয়া কোন বিরূপ রিপোর্ট প্রকাশ হলে সে সম্পর্কে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয় কিনা। ● ক্যাশ বহি যথাযথভাবে প্রতিপালন করা হয় কিনা। ● চেক রিসিভিং রেজিস্টার মেইনটেইন করা হয় কিনা।
--------------------------------	--	---

সাধারণ ব্যাংকিং

(হিসাব খোলা, স্থায়ী আমানত, সঞ্চয়ী হিসাব, ক্যাশ রেমিটেন্স, সঞ্চয়পত্র/সরকারি বন্ড ও রিজুটজেন্ট এজেন্সী)

অডিট এরিয়া	নিরীক্ষা প্রমাণক	কি কি বিষয় নিরীক্ষা করতে হবে
১	২	৩
হিসাব খোলা	১. আবেদনপত্র ২. হিসাবধারীর নমুনা স্বাক্ষর ও ছবি ৩. নমিনির ছবি ৪. এ্যাকাউন্ট হোল্ডারের প্রত্যয়ন ৫. জাতীয় পরিচয়পত্র	<ul style="list-style-type: none"> আবেদন পত্র যথাযথভাবে করা হয়েছে কিনা; নমুনা স্বাক্ষর আছে কিনা; এ্যাকাউন্ট হোল্ডারের প্রত্যয়ন সঠিক কিনা; জাতীয় পরিচয়পত্র আছে কিনা;
স্থায়ী আমানত	১. আমানত রেজিস্টার ২. এফডিআর নগদায়ন রেজিস্টার ৩. এফডিআর লিয়েন রেজিস্টার	<ul style="list-style-type: none"> ব্যাংকের প্রচলিত হার অনুযায়ী সুদ প্রদান করা হয়েছে কিনা; প্রচলিত হার অপেক্ষা উচ্চ হারে সুদ প্রদান করা হলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন আছে কিনা; স্থায়ী আমানতের সুদ হিসাবে যথাযথভাবে প্রভিশন করা আছে কিনা; প্রদেয় সুদের উপর উৎসে কর কর্তন করা হয়েছে কিনা; ব্যাংকের সর্বনিম্ন মেয়াদের জন্য স্থায়ী আমানত খোলার পর মেয়াদ পূর্তির পূর্বে হিসাব বন্ধ করতে চাইলে শুধু আসল টাকা প্রাপ্য হবে; অন্যান্য মেয়াদের জন্য স্থায়ী আমানত খোলার পর মেয়াদ পূর্তির পূর্বে হিসাব বন্ধ করতে চাইলে হিসাব বন্ধের পূর্বের দিন পর্যন্ত প্রোডাক্ট করে উক্ত সময়ের জন্য যে সুদের হার প্রযোজ্য সেই স্যাবে সুদ প্রদান করা হয়েছে কিনা; গ্রাহকের আবেদনের ভিত্তিতে স্থায়ী আমানতটি পুনরায় নির্দিষ্ট মেয়াদের জন্য নবায়ন করা যাবে। আবেদন না করলে ৩ মাস ভিত্তিক অটো নবায়ন হবে। প্রতিবারই মেয়াদের পরের দিন যে সুদের হার থাকবে সেই হার প্রযোজ্য হবে; এফডিআরের বিপরীতে ঋন প্রদান করা হলে লাল কালি দিয়ে লিয়েন মার্ক করা হয়েছে কিনা; যৌথ নামে আমানত থাকলে ঘোষণা অনুযায়ী পরিশোধ করা হয়েছে কিনা।
সঞ্চয়ী হিসাব	লেজার	<ul style="list-style-type: none"> ব্যাংকের প্রচলিত নিয়মাবলী পরিপালন করে হিসাব খোলা হয়েছে কিনা; জমাতিরিক্ত টাকা প্রদান করা হয়েছে কিনা; ঘোষণা ব্যতীত যে মাসে অর্থ পরিশোধ করা হয়েছে সে মাসের সুদ পরিশোধ করা হয়েছে কিনা।

অডিট এরিয়া	নিরীক্ষা প্রমাণক	কি কি বিষয় নিরীক্ষা করতে হবে
১	২	৩
ক্যাশ রেমিটেন্স	১. ভল্ট লিমিট ২. রেমিটেন্স ৩. ক্যাশ প্রেরণের ভাউচার এবং ইনভয়েস	<ul style="list-style-type: none"> ● ভল্ট লিমিটে অতিরিক্ত অর্থ রাখা হয়েছে কিনা; ● প্রেরিত টাকা ক্যাশ রেমিটেন্স রেজিস্টারে এন্ট্রি করা হয়েছে কিনা; ● ডেবিট ভাউচারের সাথে রেমিটেন্স রেজিস্টারে এন্ট্রির টাকার পরিমাণ সঠিক আছে কিনা; ● লিংক শাখা কর্তৃক প্রেরিত ইনডেন্ট ভল্ট ক্যাপাসিটির বেশি হলে লিংক শাখা কর্তৃক অতিরিক্ত চাহিদা যথার্থতা যাচাই করে অর্থ প্রেরণ করা হয়েছে কিনা; ● গ্রাহকের কাছ থেকে নগদ অথবা চেকে রেমিট্যান্স গ্রহণ করা হয়েছে কিনা; ● রেমিট্যান্স প্রাপ্তির পর নির্ধারিত ব্যাংকে Cash Carrying প্রতিষ্ঠানের মাধ্যমে জমা করা হয়েছে কিনা; ● নিউইয়র্ক সোনালী এক্সচেঞ্জ কোম্পানীর ক্ষেত্রে টাকা এর অফিস ও ম্যানহাটন কর্পোরেট অফিস এবং সোনালী ব্যাংকের ওয়েজ আর্নাস শাখায় রেমিটেন্স সংক্রান্ত তথ্যাদি প্রেরণ করা হয়েছে কিনা; ● ব্যাংক ও ম্যানহাটন কর্পোরেট অফিসের সাথে হিসাবের সমন্বয় করা হয়েছে কিনা; ● রেমিট্যান্স গ্রহণকালে Fake Note গ্রহণ করা হয় কিনা; ● রেমিট্যান্স টার্গেট অনুযায়ী অর্জিত হয়েছে কিনা, না হলে এর কারণ চিহ্নিত করা আবশ্যিক। ● স্পিডি রেমিটেন্স সহ বিভিন্ন স্কীমের আওতায় পরিচালিত ফরেন রেমিটেন্স এর সকল কার্যক্রম ব্যাংকের সংশ্লিষ্ট নির্দেশ/বিজ্ঞপ্তি অনুসারে সম্পাদিত হচ্ছে কিনা এবং যথা বিধি ব্যালেন্সিং সম্পাদন, পূর্ণর্ভরণ দাবী প্রেরণ ও সমন্বয়করণ সহ যাবতীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদিত হচ্ছে কিনা- তা যাচাইকরণ করতে হবে।
সঞ্চয়পত্র/ সরকারি বন্ড	১. আবেদনপত্র ২. প্রাপ্তি রেজিস্টার ৩. বিক্রয় রেজিস্টার ৪. ভাউচার	<ul style="list-style-type: none"> ● সঞ্চয়পত্র/ সরকারি বন্ড ক্রয়ের আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি যথাযথ কিনা; ● বিক্রিত অর্থ নির্দিষ্ট ব্যাংকে সময়মত প্রেরণ করা এবং যথাযথভাবে পূর্ণর্ভরণ করা হয়েছে কিনা; ● মেয়াদ পূর্তির পূর্বে ভাংগানোর ক্ষেত্রে সুদ সঠিকভাবে হিসাব করা হয়েছে কিনা।
Statement of daily Affairs	১. ব্যাংকের নীতিমালা	<ul style="list-style-type: none"> ● প্রতিদিনের ডেবিট খাতে Cash, Clearing এবং Transfer এর ব্যালেন্সের সাথে Credit খাতে Cash, Clearing এবং Transfer এর ব্যালেন্স মিলাতে হবে। ● সাসপেন্স এর Statement দেখতে হবে। এটা কোন সৃষ্টি হলো?

প্রশাসন ও সংস্থাপন

(সংস্থাপন অন্যান্য ব্যয় ও স্থানীয় ভিত্তিক নিয়োগ এবং বিজ্ঞাপন)

অডিট এরিয়া	নিরীক্ষা প্রমাণক	কি কি বিষয় নিরীক্ষা করতে হবে
১	২	৩
সংস্থাপন ও অন্যান্য ব্যয়	১. বেতন ভাতা রেজিস্টার ২. জাতীয় বেতন স্কেল ৩. ভ্রমণ ভাতা বিধিমালা ৪. সংশ্লিষ্ট ব্যাংকের দপ্তরাদেশ ৫. বোর্ড সভার কার্যবিবরণী ৬. সরকারি বিধিবিধান ৭. অনুমোদিত বাজেট ৮. পিপিআর-২০০৮	<ul style="list-style-type: none"> শ্রান্তি বিনোদন ভাতা প্রদান করা হয়েছে কিনা। ব্যাংকে কর্মচারীগণ অর্থ মন্ত্রণালয়ের ২৪.১০.২০১০ তারিখের পত্র নং ৭.১৬১.০২২.০০.০০.০১৭.২০১০-৩৩৬(১২০০) অনুযায়ী শ্রান্তি বিনোদন ভাতা প্রাপ্য নয়; প্রাপ্যতা অনুযায়ী বেতন ভাতা ও বোনাসসমূহ প্রদান করা হয়েছে কিনা; অর্থ মন্ত্রণালয়ের ২৩.০১.২০১৩ এর স্মারক নং ৫৩ অনুযায়ী রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকসমূহের কর্মচারীদের জন্য উৎসাহ ভাতা প্রদানের জন্য সমতাভিত্তিক নীতিমালা প্রণয়ন করা হয়েছে কিনা। নীতিমালা প্রণয়নের পূর্ব পর্যন্ত উক্ত মন্ত্রণালয়ের ১২.১১.১৯৭৪ তারিখের ৬৬২নং স্মারক অনুসারে সর্বোচ্চ ২.৫ গুণ এর বেশি উৎসাহ বোনাস প্রদান করা হয়েছে কিনা; ক্রয় কার্য সম্পাদনে পিপিআর-২০০৮ যথাযথভাবে প্রতিপালন করা হয়েছে কিনা; যানবাহনের তেল, মেরামত ও রক্ষণাবেক্ষণ ক্ষেত্রে সরকারি বিধি অনুসরণ করা হয়েছে কিনা; ক্রয় ও পূর্ত কাজের জন্য কোন বার্ষিক পরিকল্পনা আছে কিনা।
স্থানীয় ভিত্তিক নিয়োগ	১. নিয়োগ নীতিমালা ২. সরকারি বিধিবিধান ৩. নিয়োগের নথি ৪. সাংগঠনিক কাঠামো	<ul style="list-style-type: none"> অনুমোদিত নিয়োগ নীতিমালা অনুসরণ করে নিয়োগ করা হয়েছে কিনা; প্রতিযোগিতামূলক লিখিত ও মৌখিক পরীক্ষা নেয়া হয়েছে কিনা; নিয়োগপ্রাপ্তগণের নিয়োগ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কিনা; স্থানীয় ভিত্তিক নিয়োগকৃত কর্মচারীকে প্রদত্ত বেতন ও অন্যান্য ভাতাদি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কিনা; স্থানীয় ভিত্তিক নিয়োগকৃত কর্মচারীদেরকে নিয়োগ পত্রের শর্তাবলী বহির্ভূত কোন সুবিধা প্রদান করা হয় কিনা;
রিট্রুটমেন্ট এজেন্সী	১. স্থানীয় ভিত্তিক জনবল নিয়োগের নীতিমালা ২. রিট্রুটমেন্ট এজেন্সীকে কমিশন প্রদান সংক্রান্ত নীতিমালা	<ul style="list-style-type: none"> নীতিমালা অনুযায়ী রিট্রুটমেন্ট এজেন্সী কর্তৃক নিয়োগ করা হয়েছে কিনা; নিয়োগকৃত কর্মকর্তাগণ নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত কর্মরত ছিল কিনা; নির্দিষ্ট মেয়াদের পূর্বে নবনিয়োগকৃত কর্মকর্তাগণ কর্মস্থল ত্যাগ করলে চুক্তির শর্ত অনুসারে রিট্রুটমেন্ট এজেন্সীর নিকট হতে টাকা আদায় করা হয়েছে কিনা।
বিজ্ঞাপন বাবদ ব্যয়	১. বিজ্ঞাপন নীতিমালা ২. এতদসংক্রান্ত বাজেট	<ul style="list-style-type: none"> বিজ্ঞাপন নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কিনা; বাজেট বরাদ্দের মধ্যে ব্যয় সীমিত রাখা হয়েছে কিনা; বহুল প্রচারিত পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হয়েছে কিনা; রেমিটেন্স নিল্লেখ্য হওয়া সত্ত্বেও বিজ্ঞাপন বাবদ বিপুল পরিমাণ অর্থ ব্যয় করা হয়েছে কিনা।

বিঃদ্রঃ অডিট কৌশলঃ

- ডকুমেন্ট পর্যালোচনা;
- বাস্তব যাচাই;
- কর্তৃপক্ষের সাথে পর্যালোচনা;
- ব্যাংক কর্তৃপক্ষ এবং প্রয়োজনে ঋণ গ্রহীতার সাথে আলোচনা;
- পুনঃমিলিকরণ।

.....X.....